

আ উটসোর্সিং কাজ করে আয় করার ওপর প্রশিক্ষণভিত্তিক ধারাবাহিক লেখায় ক্রমান্বয়ে আন্তর্জাতিক ব্যবসায় কীভাবে করবেন (টাকা খরচ না করে শুধু দক্ষতাকে পুঁজি করে) সে বিষয়গুলো উঠে আসবে। এ লেখায় আমরা শিখব অ্যামাজন ডটকমে (amazon.com) বই বিক্রি করে আয় করার উপায় নিয়ে। যারা নিয়মিত বই লিখে আয় করতে চান, অ্যামাজন ডটকম হল সেইসব প্রফেশনাল লেখকের জন্য।



চিত্র-০১

যেকোনো বিষয়েই হোক না কেন, আপনি বই বিক্রি করে আয় করতে পারবেন। বাংলাদেশের অনেকেই আছেন, যারা অ্যামাজন ডটকমে বই বিক্রির মাধ্যমে অর্থ উপর্যুক্ত করেন। এই গুণীজনদের মধ্যে এসএম জাফির হোসেন অন্যতম।



চিত্র-০২

যেকোনো বিষয়ের ওপর তিনভাবে অ্যামাজন ডটকমে বই বিক্রি করা যায় :

০১. Kindle direct publish : ই-বুক বিক্রি করার জন্য।
০২. Create Space : আপনার লেখা বই প্রিন্ট আকারে বিক্রি করার জন্য।
০৩. ACS : অডিও বই বিক্রি করার জন্য।



চিত্র-০৩

মনে রাখতে হবে, আপনার লেখা বইয়ের ভাষা হতে হবে ইংরেজি। যদিও আরও কয়েকটি ভাষাতে লেখা যাবে।

ই-বুক বিক্রি করার জন্য অ্যামাজন ডটকম যে ফরম্যাটগুলো সাপোর্ট করে, তা হলো ওয়ার্ড, এইচটিএমএল, মবি, ইপাব, আরটিএফ, পিডিএফ, টিক্সুটি, কিন্ডল প্যাকেজ ফরম্যাট।



চিত্র-০৪

থ্রেডমেই kdf.amazon.com-এ গিয়ে সাইনআপ বাটনে ক্লিক করুন।

ইন্টারনেটে আয়ের

অনেক পথ

পর্ব-৫

ইঞ্জিনিয়ার নাহিদ মিথুন

আপনার ই-মেইল অ্যাড্রেসটি লিখে I am a new customer সিলেক্ট করে sign in using our secure server-এ ক্লিক করুন। পরবর্তী ফর্ম এলে আপনার ই-মেইল অ্যাড্রেসটি দুইবার লিখে গোপন পাসওয়ার্ড দিয়ে Create Account-এ ক্লিক করুন। পরবর্তী পেজে অ্যাপ্রি বাটনে ক্লিক করে আপডেট বাটনে ক্লিক করুন।



চিত্র-০৫

এরপর পরবর্তী পেজে আপনার ঠিকানা ও ট্যাক্স ফর্ম পূরণ করুন। অবশ্যই রেসিডেন্স হিসেবে নন-ইউএসএ সিলেক্ট করুন এবং আপনার ফর্ম হবে ডিই-৮।



চিত্র-০৬

এরপর ট্যাক্স ফর্মে প্রশ্নগুলোর সঠিক উত্তর সিলেক্ট করে I save and continue বাটনে ক্লিক করুন।

পরবর্তী ফর্মে প্রশ্নগুলোর সঠিক উত্তর সিলেক্ট করে I save and continue বাটনে ক্লিক করুন। এই পেজের চিহ্নিত অংশ দুটি গুরুত্বপূর্ণ। ছবিতে চিহ্নিত রেডিও বাটন দুটি সিলেক্ট করুন, যাতে অ্যামাজন ডটকম আপনার সাথে ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করতে পারে। প্রত্যেকটি টিক চিহ্ন দিন এবং সাবমিট বাটনে ক্লিক করে পুনরায় লগইন করুন।



চিত্র-০৭

বুকসেলফ বাটনে ক্লিক করে আপনার বই আপলোড করুন এবং বিক্রি করে আয় শুরু করুন।

এখন আপনার কমপিউটারে প্রয়োজনীয় কিছু সফটওয়্যার ইনস্টল করতে হবে। সফটওয়্যারগুলো হলো :

Kindle Textbook Creator, Kindle Kid's Book Creator
KindleGen, Kindle Previewer
Kindle For Pc ক্লিক

ফিডব্যাক : mentorsystems@gmail.com